# প্রতিষ্ঠাবার্ষিকীতে ১০ দিনের কর্মসূচি ঘোষণা এনসিপির

সংগৃহীত ছবি

প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী সামনে রেখে জাতীয় নাগরিক পার্টি ১০ দিনব্যাপী নানা আয়োজন হাতে নিয়েছে। 'দেশ যাবে নতুন পথে, ফিরবে না আর ফ্যাসিবাদে'—এই আহ্বানকে সামনে রেখে ২৮ ফেব্রুয়ারি শুরু হয়ে কর্মসূচি চলবে ১৪ মার্চ পর্যন্ত।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে দলটি জানায়, উদ্বোধনী দিনে বিকেলে জুলাইয়ের শহীদ পরিবারের সদস্য, ফ্যাসিবাদবিরোধী বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, গণমাধ্যমকর্মী, অ্যাক্টিভিস্ট এবং জেলা কমিটির আহ্বায়ক ও সদস্য সচিবদের নিয়ে ইফতার মাহফিল হবে। পাশাপাশি গত এক বছরের কার্যক্রম নিয়ে ডকুমেন্টারি ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন থাকবে।

কেন্দ্রীয় কর্মসূচির পাশাপাশি বিভাগীয় ও মহানগর পর্যায়েও ধারাবাহিক ইফতার আয়োজন করা হয়েছে। সূচি অনুযায়ী ২ মার্চ চট্টগ্রাম, ৩ মার্চ কুমিল্লা, ৪ মার্চ সিলেট, ৫ মার্চ ময়মনসিংহ, ৬ মার্চ ঢাকা, ৭ মার্চ ফরিদপুর, ৮ মার্চ বরিশাল, ৯ মার্চ খুলনা, ১০ মার্চ রাজশাহী ও ১১ মার্চ রংপুরে কর্মসূচি পালিত হবে।

এছাড়া ১২ মার্চ ঢাকা মহানগর, ১৩ মার্চ ঢাকা মহানগর উত্তর এবং ১৪ মার্চ ঢাকা মহানগর দক্ষিণ এলাকায় ইফতার মাহফিলের মাধ্যমে কর্মসূচির সমাপ্তি ঘটবে।